শেখ হাসিনার উদ্যোগ

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
কানাইপুর, ফরিদপুর।
Email: faridpur_pbs@hotmail.com
মোবা: ০১৭৬৯৪০০০২৮

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.১২.২৯৪৭.৫৪৭.০২.০১৯.২২. ৩২৭০

তারিখঃ- ০৪ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০২২খ্রিঃ

বিষয়ঃ "ফরিদপুর পবিসের কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা" করনের লক্ষ্যে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।

নিম্নের বর্ণনা অনুযায়ী ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় RFQ পদ্ধতিতে ৩৩৯ জন কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র গ্রহণ ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।
খ) জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।

০২। দরপত্র গ্রহণের তারিখ ও সময় : ২৬/০৭/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১২:০০ ঘটিকা।

০৩। দরপত্র খোলার তারিখ ও সময় : ২৬/০৭/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১২:৩০ ঘটিকা।

বীমার বিবরণ

| ক্রমিক নং | বীমার বিবরণ | বীমাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণের সংখ্যা | একক প্রিমিয়ামের পরিমাণ (হাজারে) | মোট প্রিমিয়ামের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | বীমার অঙ্ক হবে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীগণের ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ০৫(পাঁচ) লক্ষ টাকা এর মধ্যে যা কম।<br><br>গ্রুপ সাময়িক জীবন বীমাঃ<br>৫০% প্রিমিয়াম ফেরৎযোগ্য, গোষ্ঠী জীবন বীমা দূর্ঘটনাজনিত কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা ও দূর্ঘটনাজনিত কারণে অঙ্গহানী বীমা।<br><br>বীমা প্রিমিয়ামের হার প্রদানের ক্যাটাগরীঃ<br>১) বেসিক বা মৃত্যু ঝুঁকি (GT)।<br>২) দূর্ঘটনা মৃত্যু ঝুঁকি (ADB)।<br>৩) স্থায়ী আংশিক সম্পূর্ণ অক্ষমতা ঝুঁকি (PPD)।<br>৪) স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা ঝুঁকি (PTD)। | ৩৩৯ জন<br>( কার্যাদেশ প্রদানের সময় কম/বেশী হতে পারে)<br><br>মোট বীমার অঙ্ক<br>১৫,৩৩,২৬,০৮০.০০<br>(পনের কোটি তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার আশি ) টাকা আনুমানিক। | | |
| | | | মোট = | |
| কথায়ঃ | | | | |

**শর্তাবলীঃ**

০১। আগামী ২৬/০৭/২০২২খ্রিঃ তারিখে বর্ণিত "ফরিদপুর পবিসের কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা" করণের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং-০১ এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিবন্ধনের/প্রমাণকের অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে এবং স্টক এক্সচেঞ্জ (শেয়ার মার্কেট) এ "A" ক্যাটাগরী হিসেবে তালিকাভূক্তির প্রমাণক দিতে হবে। এক্ষেত্রে যে সকল বীমা কোম্পানী সর্বশেষ তিন বছর লভ্যাংশ ঘোষণা করছে সে সকল বীমা কোম্পানীই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন (প্রমাণক সংযুক্ত করতে হবে)। তাছাড়া যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রুপ বীমা চুক্তি এবং সফলভাবে চুক্তি সমাপনান্তে বীমা দাবী পরিশোধের অথবা প্রফিট কমিশন পরিশোধের প্রমাণক সংযুক্ত করতে হবে। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা বিশেষভাবে বিবেচনা করা হবে। নিয়মানুযায়ী ভ্যাট-ট্যাক্স ও প্রযোজ্য অন্যান্য সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।

০৪। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "ফরিদপুর পবিসের কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা দরপত্র" কথাটি লিখতে হবে।

০৫। গ্রুপ জীবন বীমায় স্বাভাবিক মৃত্যুতে বীমাকৃত পরিমাণ, দূর্ঘটনায় মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা (ADB), স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PTD), দূর্ঘটনাজনিত কারণে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PPD) অন্তর্ভূক্ত থাকতে হবে। এছাড়া মহামারী/অতিমারী ও প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ কর্মকর্তা/কর্মচারী বীমা অন্তর্ভূক্ত হবে।

০৬। বীমা চুক্তির মেয়াদ আগামী ০৩(তিন) বছরের জন্য করা হবে। তবে প্রতি বছর বীমার প্রিমিয়াম পরিশোধ করা হবে।

০৭। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৮। বীমা চুক্তির মেয়াদ থাকাবস্থায় কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে/দূর্ঘটনাজনিত কারণে অঙ্গহানীতে দ্রুত বীমা দাবী পরিশোধ করতে হবে।

০৯। সরকারী নিয়মানুযায়ী দাখিলকৃত বিল হতে ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১০। অত্র সমিতিতে কর্মরত থাকাকালীন কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কেউ মৃত্যুবরণ করলে তার উত্তরাধিকারীগণকে সর্বশেষ মাসের মূল বেতনের ২৪ গুণ অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ) টাকা জীবন বীমা প্রতিষ্ঠানকে দ্রুততার সাথে মৃত্যু দাবী হিসেবে পরিশোধ করতে হবে।

১১। প্রতিষ্ঠানে নতুন কোন কর্মকর্তা/কর্মচারী যোগদান করলে অথবা চাকুরী স্থানান্তরের কারণে অত্র পবিসে বদলী করা হলে তাদেরকে উক্ত গোষ্ঠী বীমায় অন্তর্ভূক্ত করা হবে। ফরিদপুর পবিস এর গোষ্ঠী জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা/কর্মচারী অন্য পবিস-এ বদলী হলে তিনিও বীমার আওতায় প্রাপ্য বীমাকৃত সুযোগ সুবিধা ভোগ করবেন।

১২। আগ্রহী দরদাতা বীমা কোম্পানীকে অবশ্যই স্টক এক্সচেঞ্জের তালিকাভূক্ত হতে হবে।

১৩। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের সময় সংখ্যা/পরিমাণ কম/বেশী হতে পারে।

১৪। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে, দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সমিতি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে সমিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানো সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(বাপবিবোর্ডের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
৪। পুলিশ সুপার, ফরিদপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ফরিদপুর।
৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................ পল্লী বিদ্যুৎ সমিতি -১/২/৩/৪।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, জেলা সড়ক ও জনপথ, ফরিদপুর।
৯। ডিজিএম (নগরকান্দা জোঃ অফিস)/এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম), ফপবিস। — আগামী ২৭/০৭/২০২২ খ্রিঃ তারিখ উপস্থিত থেকে দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
১১। মেসার্স---------------------------------------------
১২। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, সদর দপ্তর, ফপবিস।
১৩। অফিস কপি/মাষ্টার কপি।

( মোঃ আবুল হাসান )
জেনারেল ম্যানেজার

Z Tender RFQ docx